

২০২৩-২৪ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা কৃষি প্রণোদনা বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী:-

সভাপতি :- শংকর চন্দ্র বৈদ্য

উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

স্থান :- উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়িয়া, শরীয়তপুর।

তারিখ:- ০২/১০/২০২৩ খ্রি: সময়:- সকাল ১০.৩০টা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিবিষ্ট "ক"তে সংযোজিত।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরে রবি/২০২৩-২৪ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে গম, ছুটা, সরিষা, সূর্যমুখী, সয়াবিন, পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসলে বীজ ও সার বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচির বরাদ্দ এবং নীতিমালা উপস্থাপনের জন্য সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, নড়িয়া, শরীয়তপুরকে অনুরোধ জানান।

জনাব কৃষিবিদ রোকনুজ্জামান, উপজেলা কৃষি অফিসার, নড়িয়া, শরীয়তপুর কৃষি প্রণোদনা সংক্রান্ত কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০১২.২১.২৫৮, তারিখ:- ০৩-০৯-২০২৩খ্রি: পত্র সভায় পাঠ করে শোনান। তিনি জানান যে, নড়িয়া উপজেলা কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত ২৩৬০ জন কৃষকের মাঝে বিনা মূল্যে উপকরণ বিতরণের জন্য ২০,৫৩,৩৩৭.৫০/- ( বিশলক্ষ তেপান্ন হাজার তিনশত সাঁইত্রিশ টাকা পঞ্চাশ পয়সা ) টাকার আর্থিক সহায়তা পাওয়া গেছে।

সভায় প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা বিভিন্ন ইউনিয়নে রবি ফসল আবাদ বিবেচনা করে নিম্নোক্তভাবে প্রাপ্ত বরাদ্দের ইউনিয়নভিত্তিক বিভাজন দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	ইউনিয়নের নাম	উপকারভোগী কৃষকের সংখ্যা									মন্তব্য
		গম	ছুটা	সরিষা	সূর্যমুখী	সয়াবিন	পেঁয়াজ	মুগ	মসুর	খেসারী	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
০১	মোস্তারেরচর	১৫	১৫	১৪০	৪	১	১২	৮	৫	২	২০২২-২৩ অর্থ বছরে ইউনিয়ন ওয়ারী গম, ছুটা, সরিষা, সূর্যমুখী, সয়াবিন, পেঁয়াজ, মুগ, মসুর ও খেসারী ফসল আবাদের ভিত্তিতে বিভাজন দেওয়া হলো। ১০/১০/২০২৩খ্রি: তারিখের মধ্যে অগ্রাধীকার তালিকা জমা দিতে হবে।
০২	রাজনগর	৪০	১৫	১৯০	৪	১	১২	৫	৫	২	
০৩	নশাসন	২০	২৫	১৬০	৪	১	১২	১০	৫	২	
০৪	জপসা	৩০	১৫	১৪৫	৪	১	১২	১০	৫	২	
০৫	ভোজেশ্বর	১০	৫	৪০	১	১	২	৫	৫	৩	
০৬	কতেজঙ্গপুর	৭	১০	৫০	১	১	৩	৫	০	২	
০৭	বিঝারী	৫	৫	৫০	১	১	২	৫	০	২	
০৮	চামটা	৭	৫	৭০	১	১	২	৫	০	৩	
০৯	ডিম্ভামানিক	৭	১০	৬০	১	১	২	৫	৫	৩	
১০	ঘড়িঘার	২৫	১০	১৫০	৪	১	৫	১২	৫	৩	
১১	কেদারপুর	১০	৫	৮০	১	১	২	১০	৫	৩	
১২	ভূমখাড়া	৭	৭	১০০	২	১	২	৫	৫	৩	
১৩	নড়িয়া	১০	৫	১০০	১	১	২	৫	৫	৩	
১৪	চরআত্রা	১০	৮	১২০	১	১	২	৫	৫	৩	
১৫	নওপাড়া	১২	১৫	২০০	৫	১	৩	১৫	৫	৩	
	মোট	২১৫	১৫৫	১৬৫৫	৩৫	১৫	৭৫	১১০	৬০	৪০	

\*\*কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক প্রতি সহায়তার বিবরণ:-


ক্রম	ফসলের নাম	কৃষক প্রতি বীজের পরিমাণ	সার		মন্তব্য
			ডিএপি	এমওপি	
০১	গম	২০কেজি	১০কেজি	১০কেজি	
০২	জুয়ারী	২কেজি	২০কেজি	১০কেজি	
০৩	সরিষা	১কেজি	১০কেজি	১০কেজি	
০৪	সূর্যমুখী	১কেজি	১০কেজি	১০কেজি	
০৫	সয়াবিন	৮কেজি	১০কেজি	১০কেজি	
০৬	মুগ	৫কেজি	১০কেজি	৫কেজি	
০৭	পেয়াজ	১কেজি	১০কেজি	১০কেজি	
০৮	মসুর	৫কেজি	১০কেজি	৫কেজি	
০৯	খেসারী	৮কেজি	১০কেজি	৫কেজি	

\*\*কৃষি প্রণোদনার নীতিমালা :-

- ক) কৃষি প্রণোদনা কার্যক্রমের আওতায় অগ্রাধিকার তালিকা শুধুমাত্র ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকগণ তালিকা ভুক্ত হবেন।
- খ) সকল উপকরণ উপজেলা কৃষি অফিস থেকে বিতরণ করা হবে এবং মালামাল কৃষকগণ নিজে উপস্থিত হয়ে গ্রহণ করবেন।
- গ) উপকরণ বিতরণ মাটারোলে টাম্প সাইজের এক কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ঘ) কৃষি প্রণোদনা কার্যক্রম ২০২৩-২৪ অর্থ বছরে নীতিমালার ভিত্তিতে ইউনিয়ন পর্যায়ে কৃষক তালিকা যথাযথভাবে তৈরী করতে হবে। এক জন কৃষক/পরিবার একটি মাত্র ফসলের জন্য মনোনীত হবে।
- ঙ) প্রকৃত কৃষক তালিকা তৈরির জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের উপসহকারী কৃষি অফিসারকে মেম্বর অথবা চেয়ারম্যানগণ সাহায্য করবেন।
- চ) অগ্রাধিকার তালিকা আগামী ১০/১০/২০২৩ খ্রি: তারিখের মধ্যে জমা দিতে হবে।
- ছ) এ কাজে সহযোগিতার জন্য একজন ট্যাগ অফিসার নিয়োগ করা হয়।

কৃষি প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য কৃষি মন্ত্রণালয়ের বর্ষিত পক্ষে উল্লিখিত শর্তাবলী ও বাস্তবায়নের নীতিমালা অনুসরণ করে কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যদের ধন্যবাদ জানিয়ে কৃষি প্রণোদনা কর্মসূচি কার্যক্রম বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (শংকর চন্দ্র বেদ্যা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা কৃষি প্রণোদনা বাস্তবায়ন কমিটি

নড়িয়া, শরীয়তপুর।

তারিখ:- ০২/১০/২০২৩ খ্রি:।

স্মারক নং-১২.১৮.৮৬৬৫.০৪১.৯৯.০১.০০৭.২৩/০৭৮(৪১)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

- ১। মাননীয় সংসদ সদস্য, ২২২ শরীয়তপুর-২, পানি সম্পদ উপমন্ত্রী।
- ২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
- ৩। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, শরীয়তপুর।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নড়িয়া, শরীয়তপুর।

৬। মেয়র, নড়িয়া পৌরসভা, নড়িয়া, শরীয়তপুর।

৭। ----- সদস্য উপজেলা কৃষি প্রশোধনা বাস্তবায়ন কমিটি, নড়িয়া, শরীয়তপুর।

৮। চেয়ারম্যান ----- ইউনিয়ন পরিষদ, নড়িয়া, শরীয়তপুর।

৯। উপসহকারী কৃষি অফিসার ----- ব্লক ----- ইউনিয়ন পরিষদ।



02.10.2023

(কৃষিবিদ ব্রজেন্দ্রনাথ)

উপজেলা কৃষি অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি প্রশোধনা বাস্তবায়ন কমিটি

নড়িয়া, শরীয়তপুর।